# জনগণের আস্থা ফেরানোই সরকারের অন্যতম লক্ষ্য: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

সরকারের দায়িত্ব নেওয়ার পর থেকে মানুষের বিশ্বাস পুনর্গঠনের দিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।

রোববার (১৬ আগস্ট) বরিশালে জেলা আইনজীবী সমিতির নতুন ১০ তলা ভবনের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, রাষ্ট্র পরিচালনায় নানা সমস্যা সামনে থাকলেও সেগুলো সমাধানের জন্য সরকার কাজ করছে। বাস্তব পরিস্থিতি বিবেচনায় নিয়েই জনগণের সামনে কথা বলা হচ্ছে এবং তাদের অযথা আশ্বাস দেওয়া হচ্ছে না।

আন্তর্জাতিক পরিস্থিতির প্রসঙ্গ তুলে তিনি বলেন, মধ্যপ্রাচ্যের সংঘাতের কারণে বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য বেড়েছে। এর প্রভাব বিভিন্ন দেশের অর্থনীতিতে পড়েছে। বাংলাদেশেও এর প্রভাব থাকলেও সাধারণ মানুষের ওপর চাপ কমানোর বিষয়টি বিবেচনায় নিয়ে তেলের দাম সমন্বয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ফ্যামিলি কার্ড কর্মসূচি নিয়ে তিনি বলেন, বিএনপি সরকার গঠনের পর এই উদ্যোগ বাস্তবায়ন শুরু করেছে। সরকারের পরিকল্পনা অনুযায়ী আগামী পাঁচ বছরের মধ্যে দেশের প্রতিটি পরিবারের কাছে এ কার্ড পৌঁছে দেওয়ার কাজ সম্পন্ন করা হবে।

LENS ASIA